# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.২৯৭.২০২৪/ ৭৬৫ তারিখঃ ১৮/০৬/২০২৫

জনাব মোঃ সাইফুদ্দীন
পাইলট (সাময়িক বরখাস্তকৃত)
মধ্য-ব-দ্বীপ শাখা
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ, চাঁদপুর(বর্তমান কর্মস্থল, ঢাকা)।

বিষয়ঃ দ্বিতীয় তথা চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ সাইফুদ্দীন, পাইলট, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চাঁদপুর এর নেতৃত্বে লোকজন নিয়ে গত ১৫/১০/২০২৪ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় মোহাম্মদ নাহিদ হোসেন, উপ-পরিচালক(চলতি দায়িত্ব), বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, চাঁদপুর এর অফিস কক্ষের দরজায় জোরে আঘাত করে ভিতরে প্রবেশ করে চিৎকার চেঁচা-মেচি ও হট্টগোল শুরু করে তাঁর সাথে খারাপ ব্যবহার সহ অকথ্য ভাষায় গালি-গালাজ করেন এবং তিনি অফিস হতে বাইরে গেলে তাঁকে মেরে ফেলার হুমকি প্রদান করায় কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২০০৪/২০২৪ তারিখঃ ১৬/১০/২০২৪ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

যেহেতু, আপনি লোকজন নিয়ে তৎকালীন উপ-পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, চাঁদপুর এর অফিস কক্ষের দরজায় জোরে আঘাত করে ভিতরে প্রবেশ করে চিৎকার চেঁচা-মেচি ও হট্টগোল শুরু করেন এবং তাঁর সাথে খারাপ আচরণ করেন, যা কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি;

যেহেতু, আপনার উপর্যুক্ত কাযকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(খ) প্রবিধান অনুসারে "অসদাচরণ" এর আওতাভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭. ০৪৭. ০০. ০০. ২৯৭. ২০২৪ / ৬৫১; তারিখঃ ২৬/১১/২০২৪ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, আপনি গত ০৮/১২/২০২৪ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন; যেহেতু, অভিযোগনামার জবাবের প্রেক্ষিতে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৭৯/২০২৫; তারিখঃ ২৮/০১/২০২৫ দ্বারা জনাব মোঃ সাইফুর রহমান, উপ-পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে আহবায়ক করে ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয়;

যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক গত ২০/০৪/২০২৫ তারিখের দাখিলকৃত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত **অভিযোগ "অসদাচরণ" কার্যকলাপ** প্রমানিত হয়েছে; যেহেতু, তদন্ত প্রতিবেদনসহ নথি কর্তৃপক্ষের চেয়ারম্যান **মহোদয়** বরাবর উপস্থাপিত হলে আপনার প্রতি বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (আ)(ঘ) প্রবিধান মোতাবেক **"বেতনক্রমের নিম্নস্তরে (৪ টি ইনক্রিমেন্ট ধাপ নামিয়ে) অবনতকরণ"** গুরু দন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব মোঃ সাইফুদ্দীন, পাইলট(সাময়িক বরখাস্তকৃত), নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চাঁদপুর(বর্তমান কর্মস্থল, ঢাকা) এর প্রতি বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (আ)(ঘ) প্রবিধান মোতাবেক **"বেতনক্রমের নিম্নস্তরে (৪টি ইনক্রিমেন্ট ধাপ নামিয়ে) অবনতকরণ"** গুরু দন্ড কেন আরোপ করা হবে না তৎসম্পর্কে কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(৬) প্রবিধান মোতাবেক অত্র নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে **চেয়ারম্যান মহোদয়** বরাবর চূড়ান্ত কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত
(কাজী ওয়াকিল নওয়াজ)
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।

E/D.P/চুঃনোঃ

অনুলিপি ঃ

০১। পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০২। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৩। যুগ্ম-পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চাঁদপুর।

০৪। সমন্বয় কর্মকর্তা(উপ-পরিচালক), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০৫। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০৬। নথি।

পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।